



বিশেষাত্মক পল্লী বিদ্যুৎ সমিতি

# শিখ হায়নায় উদ্যোগ যায় যায় যিন্তুঃ

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি  
মুকসেদপুর, কিশোরগঞ্জ।

ISO 9001: 2015 certified

সদর দপ্তর-প্রশাসন বিভাগ

ফোন-০৯৮১-৬২৯৩৭, ৬২০২৫

Website: pbs.kishoreganj.gov.bd

ই-মেইল-kishpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৮৪৯.৫৩৪.০১.০১৬.২০. ১২৯৩

তারিখ-০৯/১২/২০২০ খ্রিষ্টাব্দ

## বিষয়ঃ-দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)।

নিম্নের বর্ণনা অনুযায়ী শীতের পোষাক সরবরাহের নিমিত্তে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ কর্তৃক পরিসের নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত প্রতিষ্ঠিত ব্যবসায়ী/ ঠিকাদারগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক দর (টাকা)	মোট দর(টাকা)
০১।	<u>তত্ত্বাবধায়কদের শীতের পোষাকঃ</u> উন্নতমানের জ্যাকেট, উন্নতমানের বোতাম, চেইন ও সেলাই, কমপক্ষে ০২টি সাইড পকেট, এককালার (কালো/অফহোয়াইট/মেরুন) সর্বোচ্চ বড় সাইজ (XXL) (নমুনা মোতাবেক)	১২টি		
০২।	<u>কর্মচারীদের শীতের পোষাক</u> উন্নতমানের জ্যাকেট, উন্নতমানের বোতাম, চেইন ও সেলাই, কমপক্ষে ০২টি সাইড পকেট, এককালার (কালো/অফহোয়াইট/মেরুন) সর্বোচ্চ বড় সাইজ (XXL) (নমুনা মোতাবেক)	৮৭টি		
	সর্বমোট			

কথায়.....

### শর্তাবলীঃ-

- দরপত্র (RFQ) আগামী ১৭/১২/২০২০ খ্রিষ্টাব্দ তারিখ বেলা ১১:০০ঘটিকার মধ্যে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, মুকসেদপুর, কিশোরগঞ্জ অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যং পঃ (কেংঅং) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রাষ্ট্রিয় টেক্সেল বক্সে জমা প্রদান করিতে হইবে। দরপত্র সমূহ ঐদিনই বেলা ১১:০৫ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- দরপত্রের উদ্বৃত্ত একক দর এবং মোট দর স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ ওভাররাইটিং গ্রহণযোগ্য হইবে না। দরপত্রে একক দর ও মোট উদ্বৃত্ত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকিলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হইবে। দরপত্র সঠিকভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করিতে হইবে।
- বর্ণিত মালামাল এর নমুনা যে কোন দিন (সরকারী ছুটি ও সাম্মাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে পবিস সদর দপ্তর দণ্ডে দেখা যাইবে।
- সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে বর্ণিত মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হইবে। মালামাল এর গুণগত মান সন্তোষজনক না হইলে কোন অবস্থাতেই তাহা গ্রহণযোগ্য হইবে না।
- দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর ক্লিয়ারেন্স সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র এবং ব্যাংক সলভেন্সী সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে।
- দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “শীতের পোষাক সরবরাহের দরপত্র” কথাটি লিখিতে হইবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে সমিতির সদর দপ্তরে বিল চালানসহ মালামাল সরবরাহ করিতে হইবে। সরবরাহকৃত মালামালের গুণগত মান (স্পেশিফিকেশন ও নমুনা মোতাবেক) সন্তোষজনক হওয়া সাপেক্ষে উপস্থাপিত বিল একাউট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করা হইবে।

৮. কার্যাদেশ প্রাণ্ড প্রতিষ্ঠান যথাসময়ে মালামাল সরবরাহ করিতে ব্যর্থ হইলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের উপর ১% এর  $\frac{1}{10}$  অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হইতে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না।
৯. কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম/বেশী করার সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১০. সরকারী নিয়মানুযায়ী ভ্যাট /আয়কর কর্তন করা হইবে।
১১. কোনক্রপ কারন দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। শর্তাবলীতে উল্লেখ করা হয় নাই এমন যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

*A  
May 2026*  
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)  
জেনারেল ম্যানেজার(চংদাঃ)

বিভাগীয় অনুলিপি:- (বহুল প্রচারের স্বার্থে নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ০১। পরিচালক পবিস মনিটারিং ও ব্যঃপৎ(কেঃঘঃ) পরিদণ্ডন/তত্ত্বাধায়ক প্রকৌশলী, আইসিটি দণ্ডন, বাপবিবো, ঢাকা।  
০২। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, কিশোরগঞ্জ।  
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস ১/২/৩/৮।  
০৪। ডিজিএম, সদর/নান্দাইল/কটিয়াদী/হোসেনপুর/করিমগঞ্জ/মিঠামইন জোনাল অফিস, কিশোরগঞ্জ পবিস।  
০৫। এজিএম(ওএনএম), পাকুন্দিয়া/নিকলী/তাড়াইল সাব জোনাল অফিস, কিপবিস  
০৬। এজিএম (অর্থ-হিসাব), কিশোরগঞ্জ পবিস।  
০৭। জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি) কিশোরগঞ্জ পবিস, (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।  
০৮। নোটিশ বোর্ড/ অফিস/মাস্টার কপি/বিলকপি।

বহির্বিভাগীয় অনুলিপি:- (বহুল প্রচারের স্বার্থে নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ০১। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কিশোরগঞ্জ।  
০২। নির্বাহী প্রকৌশলী, এল জি ইডি কার্যালয়/সড়ক ও জনপথ , কিশোরগঞ্জ।  
০৩। উপজেলা নির্বাহী অফিসার.....।

*A  
May 2026*  
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)  
জেনারেল ম্যানেজার(চংদাঃ)  
*Ab*